



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(নেজারত শাখা)
(www.sunamganj.gov.bd)



স্মারক নম্বর- ০৫.৪৬.৯০০০.০০৭.০১.০০১.২১. ৬৮০

তারিখ : ০৭ নভেম্বর ২০২১

নোটিশ

এ কার্যালয়ের ০১ ডিসেম্বর ২০২০ তারিখের ০৫.৪৬.৯০০০.০০৭.০১.০০১.২০.৫১৮ নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে আগামী ১২ নভেম্বর ২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত সুনামগঞ্জ পৌর এলাকার ২১ (একুশ) টি কেন্দ্রে (কেন্দ্র তালিকা সংযুক্ত) একযোগে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ইতোমধ্যে প্রবেশ পত্র (ইন্টারভিউ কার্ড) আবেদনকারীর যোগাযোগের ঠিকানায় ডাক মারফত প্রেরণ করা হয়েছে। কোন প্রার্থী যথা সময়ে প্রবেশপত্র না পেয়ে থাকলে তাকে আগামী ৯ ও ১০ নভেম্বর ২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং প্রয়োজনীয় প্রমাণকসহ এ কার্যালয়ের নেজারত শাখায় আবেদন পূর্বক ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করার জন্য বলা হলো।

পরীক্ষার্থীগণকে লিখিত পরীক্ষার সময় প্রবেশপত্র ও জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের মূলকপি অবশ্যই সাথে আনতে হবে।

লিখিত পরীক্ষায় অংশগ্রহণের অন্যান্য অনুসরণীয়:-

- ১। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- ২। লিখিত পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে আবশ্যিকভাবে উপস্থিত হতে হবে এবং নির্ধারিত সময়ের পর কোন প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৩। পরীক্ষার কেন্দ্রে মাস্ক পরিধানপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৪। পরীক্ষা কেন্দ্রে প্রবেশ বা কেন্দ্র ত্যাগ করার সময় সামাজিক দূরত্ব রক্ষা করতে হবে।
- ৫। পরীক্ষা কক্ষে প্রবেশপত্র, কলম, পেনসিল ব্যতীত কোন বই, ব্যাগ, ক্যালকুলেটর, ডিজিটাল ঘড়ি, মোবাইল ও কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস রাখা যাবে না।
- ৬। পরীক্ষা কক্ষে কোন প্রকার অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার দিন শিক্ষাগত সনদসহ প্রয়োজনীয় সকল কাগজপত্রাদির মূলকপি অবশ্যই উপস্থাপন করতে হবে।
- ৮। আবেদনপত্র ও প্রবেশপত্রসহ হাজিরা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হতে হবে।
- ৯। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- ১০। যে কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগ ও তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ১১। লিখিত পরীক্ষার আসন বিন্যাস ও উত্তীর্ণ প্রার্থীদের তালিকা এবং মৌখিক পরীক্ষার সকল তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ ও সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড, www.sunamganj.gov.bd ওয়েব সাইটের নোটিশ বোর্ড ও ফেইসবুক পেইজ DC Office, Sunamganj এ প্রকাশ করা হবে।

(আল-ইমরান রুহুল ইসলাম)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
সুনামগঞ্জ
ও
আহবায়ক

৪র্থ শ্রেণীর নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি